গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
পাথরঘাটা, বরগুনা ।
doict.pathorghata.barguna.gov.bd

সভার নাম : মাসিক আইসিটি সভা।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
তারিখ ও সময় : ২৭.০৬.২০২৪ দুপুর : ২ টা।
সভাপতি : মোঃ রোকনুজ্জামান খান
উপজেলা নির্বাহী অফিসার
পাথরঘাটা, বরগুনা।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার উপস্থিত সদস্যগণের নিকট নিজ প্রতিষ্ঠান এর আইসিটি বিষয়ক কার্যক্রম সংক্রান্ত বর্তমান অবস্থা সম্পর্কে জানতে চাওয়া হয়। সভাপতি মহোদয় উপজেলা আইসিটি সংক্রান্ত সকল কর্মসূচি বাস্তবায়নের বিষয়ে উপস্থিত সকলকে অনুরোধ জানান। সভায় উপস্থিত সদস্যগন তাদের গৃহীত পদক্ষেপ ও বিভিন্ন সমস্যা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। এবং আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রমিক নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | শেখ রাসেল ডিজিটাল ল্যাব | পাথরঘাটা উপজেলায় ২১টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব রয়েছে। আরও ১০টি নতুন ল্যাব স্থাপনের কাজ চলমান রয়েছে। ল্যাবগুলোর বর্তমান অবস্থা ও নতুন প্রক্রিয়াধীন ল্যাবগুলোর সার্বিক অবস্থা নিয়ে আলোচনা করা হয়।<br><br>এই ল্যাব সমূহ নিয়মিত ব্যবহার করা প্রসংঙ্গে আলোচনা করা হয় । ক্লাস রুটিনে ল্যাবের ক্লাসগুলো অর্ন্তভূক্ত করতে হবে। অচল ল্যাপটপ গুলো জরুরীভিত্তিতে সচল করার ব্যবস্থা প্রসঙ্গে আলোচনা করা হয়। | ০১) ক্লাস রুটিন এর সাথে সমন্বয় করে ল্যাব ব্যবহারের সংখ্যা বৃদ্ধি করা। ল্যাব ব্যবহারের রেজিষ্টার তৈরি করা । যতগুলো ক্লাস ও প্রশিক্ষন ল্যাবে নেওয়া হবে তা রেজিষ্টারে লিখে রাখা ।<br><br>০২) উপজেলা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা অফিসার, সহকারী প্রোগ্রামার, একাডেমিক সুপারভাইজার দ্বারা সকল শেখ রাসেল ডিজিটাল ল্যাবগুলো মনিটরিং করা।<br><br>০৩) শেখ রাসেল ডিজিটাল ল্যাব এর নষ্ট সরঞ্জামাদি দ্রুত মেরামতের ব্যবস্থা নেওয়া। | উপজেলা নির্বাহী অফিসার, সহকারী প্রোগ্রামার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, একাডেমিক সুপারভাইজার,<br><br>শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ |
| ২ | শিক্ষায় আইসিটি এর যথাযথ ব্যবহার | শিক্ষা প্রতিষ্ঠান এ আইসিটি এর ব্যবহার ত্বরান্বিত করার জন্য শিক্ষকদেরকে "শিক্ষক | পাঠদানের সুবিধার্থে প্রতিটি বিষয়ের ডিজিটাল কন্টেন্ট এর ব্যবহার বৃদ্ধি করা | শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বাতায়ন" এর ওয়েবসাইট থেকে কন্টেন্ট গুলো ডাউনলোড করে মাল্টিমিডিয়া ক্লাস রুম এ ক্লাস নেয়ার বিষয় আলোচনা করা হয়। | | |
| ৩ | জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদকরণ | ক) উপজেলা সরকারি অফিসঃ উপজেলা সরকারি অফিস সমূহের নিজস্ব ওয়েব পোর্টাল হালনাগাদ করা নিয়মিতভাবে একান্ত প্রয়োজন। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে তথ্যের সহজলভ্য করার প্রতিটি সরকারি অফিসের আইনগত বাধ্যবাধকতা রয়েছে।<br><br>খ)ইউনিয়ন পোর্টালঃ ডিজিটাল বাংলাদেশের নাগরিক সুবিধা গ্রাম গঞ্জে পৌঁছে দেয়ার জন্য বর্তমান সরকার বদ্ধপরিকর। নাগরিক সেবা জনগনের দোরগোড়ায় পৌঁছে দেয়ার জন্য বাংলাদেশের প্রতিটি ইউনিয়নের জন্য রয়েছে জাতীয় তথ্য বাতায়ন। ইউনিয়নের সকল তথ্য হালনাগাদ করা একান্ত জরুরী। | ১) পাথরঘাটা উপজেলার সকল দপ্তরকে দ্রুত তাদের নিজ দপ্তরের ওয়েব পোর্টাল শতভাগ হালনাগাদ (বাংলা ও ইংরেজি উভয় ভার্সন) করার জন্য অনুরোধ করা হয়।<br><br>২) সরকারি সকল অফিসের কার্যক্রম যেমন নোটিশ, কার্যবিবরণী, কর্মকর্তা/ কর্মচারীদের হালনাগাদ তথ্য, সিটিজেন চার্টার জাতীয় তথ্য বাতায়নে সংযুক্ত করার নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া ওয়েব পোর্টাল এর সেবা বক্স, মেনু সমূহ নির্দেশিকা অনুসারে দ্রুত হালনাগাদ করার অনুরোধ করা হয়।<br><br>৩) ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যান ও ইউনিয়ন পরিষদ সচিবদের তথ্য হালনাগাদ করার নির্দেশনা প্রদান করা হয়।<br><br>৪) ওয়েবপোর্টাল এর যেকোনো কারিগরি ত্রুটি সহকারী প্রোগ্রামারকে অবহিত করার নির্দেশনা প্রদান করা হয়। | স্ব-স্ব সরকারি দপ্তরের দপ্তর প্রধান, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ সচিব, ও কারিগরি সহায়তায় সহকারী প্রোগ্রামার |
| ৪ | ইউনিয়ন ডিজিটাল সেন্টার ও উপজেলা ডিজিটাল সেন্টার | যে সকল উদ্যোক্তা আরও উদ্যোক্তা তৈরি করতে আগ্রহী বা নিজ উদ্যোগে নতুন আয়ের উৎস তৈরি করতে সক্ষম তাদেরকে উপজেলা প্রশাসন হতে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা। | উদ্যোক্তাদের আয় ব্যয়ের হিসাব যথাসময়ের মধ্যে প্রতিবেদন আকারে পাঠানো। | ইউ ডি সি উদ্যোক্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | ইন্টারনেট এর যথাযথ ব্যবহার ও গতি বৃদ্ধি করা | সরকারী বিভিন্ন প্রকল্প দ্বারা স্থাপিত ব্রডব্যান্ড কানেকশন ও বিভিন্ন বে-সরকারী আইএসপি এর সেবার মান বৃদ্ধি করার বিষয়ে আলোচনা করা হয়। | পাথরঘাটা উপজেলায় ইন্টারনেট এর গতি বাড়ানোর জন্য সংশ্লিষ্ট ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার দের দ্রুত ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ করা হয়। | আইএসপি ও ভেন্ডর কোম্পানী |
| ৬ | ই-নথি/ ডি-নথি | সরকারী বিভিন্ন দপ্তরের ই-নথি/ডি নথির মাধ্যমে অফিসিয়াল কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে উপজেলা আইসিটি অফিস থেকে প্রশিক্ষণ দেওয়া। | দাপ্তরিক কাজে ই- নথি /ডি- নথি ব্যবহার বৃদ্ধি করা। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান |
| ৭ | জয় ডি- সেট সেন্টার | সারা বাংলাদেশের প্রথম পর্যায়ে ৩০০টি জয় ডি-সেট সেন্টার নির্মানের কার্যক্রম চলমান আছে পাথরঘাটা উপজেলার উপজেলা পরিষদ ভবনের ৬ষ্ঠ তলায় জয় ডি- সেট সেন্টার স্থাপন করা হচ্ছে। ১২ টি পিলার ঢালাইয়ের কাজ সম্পন্ন হয়েছে। | সংশ্লিষ্ট কমিটি দ্বারা কাজ মনিটরিং করা। | সংশ্লিষ্ট কমিটি |

সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে সঠিক সময়ে পালন করার অনুরোধ করেন এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭.০৬.২৪

(মোঃ রোকনুজ্জামান খান)
উপজেলা নির্বাহী অফিসার,
পাথরঘাটা, বরগুনা
ও
সভাপতি
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি,
পাথরঘাটা, বরগুনা।
ফোন: ০২৪৭৮৮৬৭০১৪
unopatharghata@mopa.gov.bd

স্মারক নং- ৪৪৯/১ তাং-২৭.০৬.২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলো:

১। মাননীয় সংসদ সদস্য, ১১০ বরগুনা-২।
২। একাদশ জাতীয় সংসদ এর ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সদস্য (সকল)।
৩। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৪। জেলা প্রশাসক, বরগুনা।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাথরঘাটা বরগুনা।
৬। উপজেলা..............................কর্মকর্তা।
৭। জনাব/বেগম..........................................।
৮। অফিস কপি।

২৭.৬.২০২৪

(মোঃ মুনিরুজ্জামান)
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
অধিদপ্তর
ও
সদস্য-সচিব
উপজেলা আইসিটি বিষয়ক
কমিটি, পাথরঘাটা বরগুনা।
ফোনঃ ০১৯২২৯৪১০১১৬